# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/খু-৪৬/২০১৬/১৫১৩৯

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

গাজীর দরগাহ ফয়জাবাদ ফাজিল মাদরাসা, ডাকঘর: গাজীর দরগাহ, উপজেলা: ঝিকরগাছা, জেলা: যশোর-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১২-০৮-২০২৪ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৬-০৭-২০২৫ থেকে ২৫-০৭-২০২৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. ক্লাসে মূল কিতাব পড়ানোর পাশাপাশি একাডেমিক কার্যক্রমকে আরও ত্বরান্বিত করতে হবে;

২. লাইব্রেরিতে বইয়ের সংখ্যা আরো বৃদ্ধি করে নতুন রেজিস্টারে ক্রমানুসারে সকল বইয়ের নাম লিপিবদ্ধকরণ, ডেসপাস রেজিস্টার খোলা এবং বই পড়ায় শিক্ষক ও শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে;

৩. শূন্য পদে দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা করে শিক্ষা উপকরণসহ সকল শিক্ষককে পাঠদানে আরও মনোযোগী হতে হবে;

৪. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, ক্রয় কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি গঠন করতে হবে;

৫. শিক্ষকবৃন্দের উপস্থিতি নিশ্চিত করত: ছুটি রেজিস্টারসহ ব্যক্তিগত ফাইল সংরক্ষণ করতে হবে এবং প্রতি তিনমাস পর পর অভিভাবক সমাবেশ করতে হবে;

৬. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;

৭. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি শিক্ষা-সহায়ক কার্যক্রম তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিওগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;

৮. আর্থিক সকল কার্যক্রম ব্যাংকের মাধ্যমে করত: বিল ভাউচারগুলো যথাযথভাবে সংরক্ষণসহ প্রতিষ্ঠানের সকল আয় ব্যয় অডিট কমিটি কর্তৃক নিরীক্ষা শেষে যথাসময়ে গভর্নিং বডির অনুমোদন নিতে হবে;

৯. কম্পিউটার ল্যাব, ডিজিটার হাজিরা, সিটি টিভির ব্যবস্থা করত: তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ করতে হবে এবং মাদরাসার রিজার্ভ ফান্ড ও জেনারেল ফান্ড বৃদ্ধিসহ অখন্ড ও দূরত্ব সনদের কপি বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে;

১০. ফাজিল সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি ও তাদের উপস্থিতি নিশ্চিত করতে শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান ও পরিচালনা পর্ষদকে আরও কার্যকর ভূমিকা পালন করতে হবে;

১১. মাদরাসার সাইনবোর্ড ও প্যাড "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লেখার পাশাপাশি ক্লাসের নামপ্লেটে বাংলা ও আরবিতে শ্রেণি কক্ষের নাম উল্লেখ করতে হবে;

১২. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পূনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২/৯/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

গাজীর দরগাহ ফয়জাবাদ ফাজিল মাদরাসা
ডাকঘর: গাজীর দরগাহ, উপজেলা: ঝিকরগাছা, জেলা: যশোর।


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/খু-৪৬/২০১৬/১৫১৩৯

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ


সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, গাজীর দরগাহ ফয়জাবাদ ফাজিল মাদরাসা, ডাকঘর: গাজীর দরগাহ, উপজেলা: ঝিকরগাছা, জেলা: যশোর।
৭. অফিস নথি।

02.09.2025

(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫